ভোরের কাগজ

তারিখ JUL 24 1999
পৃষ্ঠা ৭ কলাম ৮

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## শিক্ষা মন্ত্রণালয়
## বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং শাঃ ১৩/১-২২ (ফুলব্রাইট)/৯৮/৬৪৫-শিক্ষা তারিখ: ১৪/০৭/৯৯

# বিজ্ঞপ্তি

**বিষয় : ২০০০ শিক্ষাবর্ষে মার্কিন যুক্তরাষ্ট্র সরকার প্রদত্ত ফুলব্রাইট বৃত্তির জন্য দরখাস্ত।**

যুক্তরাষ্ট্র সরকারের দুবছর মেয়াদী ফুলব্রাইট বৃত্তির অধীনে ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে নিম্নোক্ত বিষয়সমূহে যুক্তরাষ্ট্রে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নের জন্য বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের জুনিয়র অনুষদ সদস্যদের কাছ থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

**বিষয়সমূহ**

ক) আমেরিকার ইতিহাস
খ) আমেরিকার সাহিত্য
গ) অর্থনীতি
ঘ) রাষ্ট্র বিজ্ঞান/আন্তর্জাতিক সম্পর্ক
ঙ) সমাজ বিজ্ঞান

২। দরখাস্ত করার যোগ্যতাসমূহ :

(১) বিএ (অনার্স) এবং এমএ-তে কমপক্ষে ৬০% নম্বর থাকতে হবে (জি. পি. এ গ্রেডিং এর আওতায় যারা অধ্যয়ন করেছেন তাদের জন্য এই শর্ত প্রযোজ্য হবে না। সেক্ষেত্রে তাদের এ. এ্যাভারেজ পেতে হবে)।
(২) ইতোপূর্বে যুক্তরাষ্ট্রে অধ্যয়ন শেষ করেছেন এমন প্রার্থী আবেদনের যোগ্য নন।
(৩) প্রার্থীকে স্বচ্ছন্দভাবে ইংরেজীতে কথা বলায় সক্ষম হতে হবে।
(৪) ভাল স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
(৫) বাংলাদেশী নাগরিক হতে হবে।
(৬) অধ্যয়ন শেষে বাংলাদেশে ফেরার অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
(৭) কোর্স সমাপ্তির পূর্বে দেশে চলে আসলে টিকেটের দাম ফেরত দিতে হবে।

৩। প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যথাসময়ে আবেদন করতে হবে।

৪। সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত দুকপি ছবি, সকল পরীক্ষা পাসের দুকপি করে সত্যায়িত নম্বর পত্র ও সার্টিফিকেট ইত্যাদিসহ নিম্নোক্ত তথ্যসহ ইংরেজীতে আবেদন করতে হবে। আবেদনপত্র দুই সেট হবে এবং প্রতি সেটে ১টি করে ছবি, জীবন বৃত্তান্ত ইত্যাদি দিতে হবে। জীবন বৃত্তান্তে নিম্নোক্ত তথ্যসমূহ থাকতে হবে :

যুক্তরাষ্ট্র সরকার প্রদত্ত স্নাতকোত্তর পর্যায়ের বৃত্তির আবেদন :
প্রার্থীর বিষয় :

(ক) নাম
(খ) পিতার নাম
(গ) বর্তমান ঠিকানা
(ঘ) স্থায়ী ঠিকানা
(ঙ) জন্ম তারিখ ও বর্তমান বয়স
(চ) পেশা
(ছ) টেলিফোন নম্বর (যদি থাকে)
(জ) পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি (মাধ্যমিক/এসএসসি হইতে সকল পরীক্ষার) :

| পরীক্ষার নাম | বোর্ড/বিঃ বিঃ ও পাসের সন | পঠিত মূল বিষয়সমূহ | প্রাপ্ত বিভাগ/শ্রেণী | পরীক্ষার মোট নম্বর (যত নম্বরের পরীক্ষা দিতে হয়েছে) | প্রার্থী কর্তৃক প্রাপ্ত মোট নম্বর |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৫। খামের উপর বৃত্তির নাম (ফুল ব্রাইট বৃত্তি) ও প্রার্থিত বিষয় উল্লেখ করতে হবে।

৬। আবেদন পত্র আগামী ১-৮-৯৯ তারিখের মধ্যেই ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌছাতে হবে অথবা বাংলাদেশ সচিবালয়ের ৫নং গেটে রক্ষিত ২নং কাঠের বাক্সে দাখিল করতে হবে।

৭। কোন ব্যক্তি একাধিক বিষয়ে প্রার্থী হতে পারবেন না এবং অন্য কোন বৃত্তির জন্য ইতোপূর্বে মনোনীত হয়ে থাকলে আবেদন করতে পারবেন না।

৮। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

৯। ইচ্ছাকৃতভাবে মিথ্যা বিবরণ/তথ্য প্রদানকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। আবেদনপত্রসমূহ বাছাই করার পর চূড়ান্ত মনোনয়নের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

মোঃ মনজুরুল রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৮৬৫০৩২।

ডিএফপি-১৫৭০৯-১৫/৭/৯৯ (৯"x৩)
ডিস-১৭০৭/৯৯